দৈনিক ইনকিলাব

তারিখ ... 15 SEP 1987 ...
পৃষ্ঠা ... ... ... । কলাম ... 7 ...

008

# প্রেসিডেন্ট সকাশে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর [redacted] মান্নানের নেতৃত্বে ঢাকা [redacted] সিণ্ডিকেটের কয়েকজন [redacted] গতকাল সন্ধ্যায় [redacted] মুহম্মদ এরশাদের সাথে তাঁর সচিবালয়ে সাক্ষাৎ করেন। খবর বাসস'র।

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

বৈঠককালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় পুনরায় খোলার প্রাক্কালে শিক্ষার সুষ্ঠু পরিবেশ অব্যাহত এবং বিশ্ববিদ্যালয়কে সংঘাত ও অস্ত্রমুক্ত রাখার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদকে অবহিত করেন। তারা প্রেসিডেন্টকে জানান, সেশন জটের কারণে অনুষ্ঠিত পুরনো পরীক্ষাগুলো আগামী বছরের মার্চ মাসে নেয়ার ব্যবস্থা করা হয়েছে। তারা আরো জানান, বিশেষ ব্যবস্থাধীনে বিগত দু'দশকের ডিগ্রী সার্টিফিকেটসমূহ সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে প্রাপকদের দেয়া হবে।

প্রেসিডেন্ট ঢাকা বিশ্ববিদ্যালয়কে শিক্ষার অঙ্গনের ভূমিকা পালনে এবং প্রাচ্যের অক্সফোর্ড হিসেবে হৃত গৌরব ফিরিয়ে আনতে তার সম্ভাব্য সমর্থন ও সহযোগিতার আশ্বাস দেন।